32

দৈনিক বাংলা

তারিখ 0 4 MAY 1994
পৃষ্ঠা 4 কলাম 6

# শিক্ষাখাতে সাড়ে তিন হাজার কোটি টাকা বরাদ্দের সিদ্ধান্ত

বগুড়া ৩মে।– অর্থ প্রতিমন্ত্রী মজিবর রহমান বলেছেন, বর্তমান সরকার শিক্ষা প্রতিষ্ঠানের সকল সমস্যার আশু সমাধান ও ব্যাপকভাবে শিক্ষার প্রসার চায়। আর সেই কারণেই এ সরকার শিক্ষা ক্ষেত্রে সর্বোচ্চ বাজেট বরাদ্দের নীতি গ্রহণ করেছে। তিনি বলেন, সরকারের এই বলিষ্ঠ নীতির আওতায় আগামী অর্থ বছরেও শিক্ষা খাতে সাড়ে তিন হাজার কোটি টাকা বরাদ্দ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে

জনাব রহমান গতকাল বগুড়ার কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের নতুন ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাবছিলেন। খবর তথ্যবিবরণীর।

তিনি গতকাল মালতিনগর উচ্চ বিদ্যালয়ের নতুন ভবনের, সদর থানার খরনা ইউনিয়নের বাজবাড়ী রহমানীয়া দখেলী মাদ্রাসার গাহাইল ইউনিয়নের পোয়ালগাছা উচ্চ বিদ্যালয়ের নতুন ভবনের ও লাহেড়ীপাড়া ইউনিয়নের সাতশিনুলিয়া উচ্চ বিদ্যালয়ের নতুন ভবনের ভিত্তি প্রস্তর স্থাপনকরেন।

তিনি বলেন, যে জাতি যত শিক্ষিত সে জাতি তত তাড়াতাড়ি উন্নতি করতে পারে। তিনি আরো বলেন, দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বিরাজিত অব্যবস্থা দূর করতে প্রতিটি স্কুলের উন্নয়নের লক্ষ্যে ৭ লাখ ৮৪ হাজার টাকা করে বরাদ্দ করা হয়েছে।

প্রতিমন্ত্রী সন্ধ্যায় বগুড়া শহর বিএনপি'র কার্যালয়ে এক কর্মী সভায় বক্তব্য রাখেন। তিনি দলকে আরও শক্তিশালী করার লক্ষ্যে বিএনপি কর্মীদের প্রতি আহবান জানান।